অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/26/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো চরম আবহাওয়ার কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য বিদ্যমান সহায়তার ঘোষণা দেন

20 মার্চের ফেডারেল ডিজেস্টার ডিক্লারেশন (Federal Disaster Declaration) 12 টি যোগ্য কাউন্টির কৃষকদের জরুরি ঋণের জন্য আবেদন করার সুযোগ করে দেয়

2018 সালে করা ঘোষণার শেষ সময়সীমা নিকটবর্তী

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ গত গ্রীষ্মে তীব্র বৃষ্টি ও আর্দ্র আবহাওয়ার কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের বিদ্যমান সহায়তা দেওয়ার ঘোষণা দেন। গত সপ্তাহে ফেডারেল সরকার স্টেটের 12 টি কাউন্টিকে প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এলাকা হিসেবে ঘোষণা করে। এই স্বীকৃতির ফলে ক্ষতিগ্রস্ত এলাকার কৃষকগণ ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল ফার্ম সার্ভিস এজেন্সি (United States Department of Agriculture Farm Service Agency) থেকে জরুরি ঋণ সহ সহায়তা পাওয়ার যোগ্য বিবেচিত হতে পারবে।

"যেহেতু চরম আবহাওয়া নতুন করে স্বাভাবিক হয়ে দাঁড়িয়েছে, আমাদের অবশ্যই আমাদের কৃষকদের রক্ষা করতে হবে যারা ক্ষতিগ্রস্ত ফসল ও জমি নিয়ে এই আবহাওয়ার আসল ধকল সহ্য করে চলেছে", **গভর্নর কুওমো বলেন।** "এই কাউন্টিগুলোতে গত বছরের অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে হওয়া ক্ষতি সারিয়ে তুলতে এই ঘোষণাগুলি নিশ্চিত করবে যেন কৃষকগণ আবার নিজের পায়ে দাঁড়ানোর জন্য এবং এই বিধ্বংসী ক্ষতি সারিয়ে তুলতে প্রয়োজনীয় জরুরি অনুদান পেতে পারে।"

"স্টেটজুড়ে কমিউনিটিগুলো তীব্র বৃষ্টিপাতসহ আবহাওয়ার চরম অবস্থার দ্বারা প্রভাবিত হয়েছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "12 টি কাউন্টির প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এলাকা হিসেবে স্বীকৃতি পাওয়া আমাদের কৃষকগণকে ক্ষতি সারিয়ে আরও ভালভাবে পুনরায় উঠে দাঁড়াতে এবং সাফল্য অব্যাহত রাখতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।"

মার্চ 2019 ডিক্লারেশন
2018 সালের গ্রীষ্মের চরম আবহাওয়ার প্রতিক্রিয়াস্বরূপ ফেডারেল সরকার গত সপ্তাহে অ্যালিগ্যানি, ব্রুম, ক্যাটারগাস, শ্যাতকোয়া, কলাম্বিয়া, ডাচেস, পুটনাম, রেনসেলিয়ার, স্টুবেন, সাফোক, টিয়োগা ও ওয়েস্টচেস্টার কাউন্টিকে সেকেন্ডারি ডিজেস্টার কাউন্টি (secondary disaster counties) হিসেবে ঘোষণা করে। ডিজেস্টার ডিক্লারেশনের (disaster declaration) সিদ্ধান্ত ফার্ম সার্ভিস এজেন্সি (Farm Service Agency, FSA) এর কাছে আসা খামারে উৎপাদন ক্ষতি সংক্রান্ত প্রতিবেদনের ভিত্তিতে নেয়া হয়েছে।

যোগ্য কাউন্টিগুলোর কৃষকগণ জরুরি ঋণের জন্য আবেদন করার জন্য ডিজেস্টার ডিক্লারেশনের দিন থেকে আট মাস সময় পাবেন। FSA প্রতিটি জরুরি ঋণের আবেদন খামারে হওয়া উৎপাদন ক্ষতির পরিমাণের

পাশাপাশি নিরাপত্তা এবং অপারেটরের পরিশোধের ক্ষমতার ভিত্তিতে মূল্যায়ন করে থাকে। স্থানীয় FSA অফিসগুলো ক্ষতিগ্রস্ত কৃষকদের আরও তথ্য দিতে পারবে। অফিসগুলোর সাথে যোগাযোগের তথ্য এখানে পাওয়া যাবে।

2018 ডিক্লারেশন
এছাড়াও গভর্নর 2018 সালের গ্রীষ্মের স্বীকৃতি স্বরূপ ঘোষিত ফেডারেল ডিজেস্টার ডিক্লারেশন অনুসারে ঋণের জন্য আবেদনের সময়সীমা আসন্ন 1 এপ্রিল 2019 তারিখে হওয়ার কথা স্মরণ করিয়ে দেন।

2018 সালের আগস্টে অতিমাত্রার তীব্র বাতাস, শিলাবৃষ্টি, বজ্রপাত এবং টর্নেডোর কারণে হওয়া ক্ষয়ক্ষতির কারণে কলাম্বিয়া, ডাচেস গ্রিন, অরেঞ্জ, পুটনাম, রেনসেলিয়ার এবং আলস্টার কাউন্টিকে দুর্যোগপ্রবণ কাউন্টি হিসেবে ঘোষণা করা হয়েছিল। এই কাউন্টিগুলোর উৎপাদনকারীগণ 1 এপ্রিল 2019 তারিখ পর্যন্ত তাদের ক্ষতি সারিয়ে তোলার সাহায্য হিসেবে জরুরি ঋণের জন্য আবেদন করার সময় পাবেন। আরও তথ্যের জন্য FSA এর ওয়েবসাইট দেখুন এখানে।

এছাড়াও 2019 সালের ফেব্রুয়ারিতে অরেঞ্জ কাউন্টির কৃষকগণও ফেডারেল সহায়তা পাওয়ার যোগ্যতা লাভ করেন যখন 2018 সালের 20 জুলাই থেকে 27 সেপ্টেম্বর পর্যন্ত ঘটে যাওয়া হারিকেন ফ্লোরেন্স (Hurricane Florence) এর সময় অতিরিক্ত বৃষ্টি, আর্দ্র ও ঝড়ো বাতাসের ফলশ্রুতিতে কাউন্টিটিকে দুর্যোগপ্রবণ কাউন্টি হিসেবে স্বীকৃতি দেয়া হয়। এই স্বীকৃতির অধীনে জরুরি ঋণের জন্য আবেদন করার সময়সীমা 2019 সালের 4 অক্টোবর পর্যন্ত। আরও তথ্যের জন্য FSA এর ওয়েবসাইট দেখুন এখানে।

স্টেট কমিশনার রিচার্ড এ. বল বলেন, "একজন কৃষক হিসেবে চরম আবহাওয়া ফসল এবং খামার পরিচালনার উপর কেমন ক্ষয়ক্ষতি বয়ে আনতে পারে তা আমি বেশ ভালোভাবেই অবগত আছি। আমরা এই স্বীকৃতিপ্রাপ্ত কাউন্টিগুলোর কৃষকগণকে গত গ্রীষ্মের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠা এবং এ বছরের চলতি মৌসুমে সহায়তার জন্য তাদের আওতায় পৌঁছে দেয়া রিসোর্সের সুবিধা কাজে লাগানোর উৎসাহ দিচ্ছি।"

কৃষি বিষয়ক হাউস কমিটি (House Committee on Agriculture) এর একজন সদস্য কংগ্রেসম্যান শন প্যাট্রিক ম্যালনি বলেন, "হাডসন ভ্যালির কিছু কৃষক গত বছর আমাদের এলাকায় আঘাত হানা তীব্র বৃষ্টিপাতের কারণে তাদের প্রায় অর্ধেক ফসল হারিয়েছেন। এ ধরনের ক্ষতি আমাদের পারিবারিক খামারগুলোকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে যে কারণে এখানে ফেডারেল ডিক্লারেশন এতটা গুরুত্বপূর্ণ। আমাদের স্থানীয় কৃষকগণ এটা জেনে স্বস্তি পেতে পারেন যে প্রয়োজনে তারা ফেডারেল সহায়তা পাবেন।"

কংগ্রেসম্যান লি জেল্ডিন বলেন, "ডিজেস্টার ডিক্লারেশন তাদের জন্য সবরকম পার্থক্য হয়ে দাঁড়াতে পারে ক্ষতিকারক আবহাওয়ার কারণে যাদের জীবিকা ক্ষতিগ্রস্ত হয়েছে। কৃষকগণ বছর জুড়ে জীবন ধারণের জন্য ভালো ফসলের উপর নির্ভর করে এবং যখন প্রবল বাতাস, বৃষ্টি অথবা চরম তাপমাত্রা তাদের কঠোর পরিশ্রমের ফসল ধ্বংস করে দেয় তাদের এটা জানা থাকা উচিত যে পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সহায়তা ও রিসোর্স তারা পাবেন।"

কংগ্রেসম্যান অ্যান্টনি ব্রিন্ডিসি বলেন, "সাদার্ন টিয়ার (Southern Tier) এর কমিউনিটিগুলো গত গ্রীষ্মে দৈনিক 5 ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাতের সম্মুখীন হয়েছে যা সেসব খামারগুলোকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে

যেগুলো ইতোমধ্যেই তাদের পণ্যের কম দামের কারণে সংগ্রাম করে চলছিল। আমি আনন্দিত যে এই ডিক্লারেশন কৃষকদের কাছে রিসোর্স পৌঁছে দেবে এবং তাদের পুনরুদ্ধারে সাহায্য করবে। প্রয়োজনের সময় আমরা আমাদের কমিউনিটিগুলোর সহায়তায় প্রয়োজনীয় রিসোর্সগুলো পৌঁছে দিচ্ছি এটি নিশ্চিত করার উদ্দেশ্যে আমি স্থানীয়, স্টেট এবং ফেডারেল কর্মকর্তাগণের সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

সেনেটর জেন মেটজগার, সেনেট কৃষি কমিটির (Senate Agriculture Committee) সভাপতি, বলেন, "জলবায়ু পরিবর্তনের কারণে আমরা যে চরম আবহাওয়ার সম্মুখীন হচ্ছি তা আমাদের কৃষকগণের জীবিকা এবং আমাদের গ্রামীণ অর্থনীতির জন্য হুমকিস্বরূপ। জলবায়ু পরিবর্তনের অন্তর্নিহিত কারণগুলো মোকাবেলা করার সাথে সাথে গত গ্রীষ্মের প্রবল বৃষ্টিপাতের কারণে হওয়া ক্ষয়ক্ষতি পুনরুদ্ধারে কৃষকদের সহায়তার উদ্দেশ্যে স্বীকৃত প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এলাকাগুলোয় থাকা খামারগুলোর জন্য এই জরুরি অনুদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলিওম্যান ও অ্যাসেম্বলি কৃষি কমিটির (Assembly Committee on Agriculture) সভাপতি ডোনা লুপারডো বলেন, "চরম আবহাওয়ার প্রতিক্রিয়ার সাথে সব কৃষক বেশ ভালোভাবেই পরিচিত। গত গ্রীষ্মের ভারী বৃষ্টিপাত এই কাউন্টিগুলোতে ফসল ধ্বংস করে দিয়েছে এবং সেখানকার ছোট খামার ব্যবসাগুলোতে মারাত্মক আঘাত হেনেছে। খামার পুনরুদ্ধারের সময় এই স্বীকৃতি তাদের অত্যন্ত প্রয়োজনীয় রিসোর্সগুলো পেতে সাহায্য করবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন